হে আল্লাহ! আমি দু’দুর্বলের অর্থাৎ ইয়াতীম ও নারীর অধিকার (নষ্ট করা) নিষিদ্ধ করছি ।

আবূ শুরাই খুয়াইলাদ ইবন ‘আমর আল-খুযা‘ঈ রাদিয়াল্লাহু আনহু ও আবূূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা
করেন, তিনি বলেছেন, “হে আল্লাহ! আমি দু’দুর্বলের অর্থাৎ ইয়াতীম ও নারীর অধিকার (নষ্ট করা) নিষিদ্ধ করছি ।”
[হাসান] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

এ হাদীসটিতে দুর্বল লোক যেমন ইয়াতিম ও মহিলার প্রতি সদয় আচরণ করতে ইসলামের মূলনীতি দ্ব্যর্থভাবে বর্ণিত হয়েছে। হাদীসটিতে আরো লক্ষ্য করা যায় যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ইয়াতিম ও নারীর অধিকারের ব্যাপারে সর্ব্বোচ্চ গুরুত্ব দিয়েছেন। কেননা তাদের এমন কোন প্রভাব-প্রতিপত্তি নেই তারা যার আশ্রয় নিবে এবং নিজেদের থেকে অন্যায়-অবিচার প্রতিহত করবে। ফলে যারা তাদের অধিকার ছিনিয়ে নিবে তাদের ওপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংকট, অসুবিধা, কষ্টের বদ দোআ করেছেন। (অর্থাৎ তাদের ব্যাপারে তিনি কঠোরভাবে সতর্ক করেছেন)।

https://sunnah.global/hadeeth/bn/show/3468